

অর্থনীতি সমিতির সম্মেলন শুরু শুব্বার

- A Monitor Desk Report

Date: 22 December, 2021



বাংলাদেশ অর্থনীতি সমিতির সম্মেলন শুব্বার শুরু হচ্ছে। এটি সমিতির ২১তম দ্বিবার্ষিক সম্মেলন।

রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে দুই দিনব্যাপী সম্মেলনে উদ্বোধনী অনুষ্ঠান, ৮টি কর্ম অধিবেশন, ১টি প্লেনারি অধিবেশন, সম্মেলন-উত্তর সাধারণ সভা এবং সমিতির কার্যনির্বাহী কমিটির নির্বাচন অনুষ্ঠিত হবে।

মঙ্গলবার সমিতির এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, শনিবার সকাল সাড়ে ৯টায় সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ও উদ্বোধক হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশের প্রথম পরিকল্পনা কমিশনের সদস্য ও সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা অধ্যাপক রেহমান সোবহান। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন অর্থনীতি সমিতির সভাপতি অধ্যাপক আবুল বারকাত।

সম্মেলন সম্পর্কে বিস্তারিত জানাতে বুধবার সকাল ১১টায় ঢাকার ইস্কাটন গার্ডেন রোডে অর্থনীতি সমিতি মিলনায়তনে সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়েছে। সংবাদ সম্মেলনে বক্তব্য রাখবেন সমিতির সভাপতি অধ্যাপক আবুল বারকাত, সাধারণ সম্পাদক জামালউদ্দিন আহমেদ এবং সম্মেলন প্রস্তুতি কমিটির যুগ্ম আহবায়ক এ জেড এম সালেহ্।